দৈনিক ইত্তেফাক

C67

[illegible] 0 JUN 198[illegible]
তারিখ ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 6 ...

১৫ ই আষাঢ় ১৩[illegible]

# বিশ্ববিদ্যালয়ে আবার গুলী বোমাবাজী

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবারও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটিয়াছে। দুপুর পৌণে দুইটায় শান্ত ক্যাম্পাসে আকস্মিকভাবে তিনটি মোটর সাইকেল চক্কর দেওয়ার সময় ভিসি'র বাসভবন ও সূর্যসেন হলসহ কলাভবন এলাকায় উপর্যুপরি ১০/১২ রাউণ্ড গুলীর শব্দ শোনা যায়। একই সময়ে কয়েকটি হাত-বোমার বিস্ফোরণও ঘটে। প্রায়

(২য় পৃঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়ে বোমাবাজি

(১ম পৃঃ পর)

২০ মিনিট সময়ের এই ঘটনার এক পর্যায়ে একটি দল ভিসি'র বাসভবনের সামনের রাস্তা হইতে অন্য দল সূর্যসেন হল এলাকা হইতে পরস্পরকে ধাওয়া করে। ফলে ছাত্র-ছাত্রী ও পথচারীদের মধ্যে ছুটাছুটি শুরু হয়। ঘটনায় কেহ হতাহত হয় নাই। রিপোর্ট লেখার সময় জানা যায়, সন্ধ্যা ৮টার দিকে মোহসীন হল এলাকায় কয়েকটি হাত বোমার বিস্ফোরণ ঘটিয়াছে।

### কর্তৃপক্ষের বিবৃতি

গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান, বিভিন্ন হলে অস্ত্রধারী এবং বহিরাগতদের যাতায়াত ও অবস্থান বৃদ্ধি পাইয়াছে। বহিরাগত ছাত্র-অছাত্র নির্বিশেষে কোন অস্ত্রধারী হলে অবস্থান করিলে ইহার পরিণতির জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থা হল তল্লাশী করিতে বাধ্য হইবে এবং দুই ঘণ্টার নোটিসে বিশ্ববিদ্যালয় ও হল সমূহ বন্ধ করিয়া দেওয়া হইবে।

### শিক্ষা পরিবেশ পরিষদ

সাম্প্রতিক ঘটনা পর্যালোচনার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ ষ্ট্যাণ্ডিং কমিটি গতকালও এক সভায় বিবদমান ছাত্র সংগঠন দুইটির নেতৃবৃন্দ নিজেদের নির্দোষ প্রমাণের চেষ্টা করেন। ফলে পরস্পর বিরোধী বিতর্কের এক পর্যায়ে সভা মুলতবী হইয়া যায়।

### সন্ত্রাস সৃষ্টিকারীদের তালিকা পেশ

শিক্ষা পরিবেশ পরিষদ ষ্ট্যাণ্ডিং কমিটি অস্ত্রধারী ছাত্রদের নাম ও অভিযোগ কর্তৃপক্ষের কাছে পেশ করিয়াছে। বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা রক্ষা কমিটি বিষয়টি তদন্ত শেষে ৭ দিনের মধ্যে রিপোর্ট পেশ করিবে বলিয়া জানা গিয়াছে।

### বিশ্ববিদ্যালয় বন্ধ সম্পর্কিত খবরের ব্যাখ্যা

ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বিশ্ববিদ্যালয় বন্ধ সম্পর্কিত সিণ্ডিকেটের সিদ্ধান্ত সম্পর্কে বলিয়াছেন, সিদ্ধান্তটি বাতিল করা হয় নাই, স্থগিত রাখা হইয়াছে। শেষ খবর পাওয়া পর্যন্ত গতকালের ঘটনা পর্যালোচনার জন্য সকল হলের প্রভোষ্ট, ডীন ও বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা এক সভায় মিলিত হইয়াছেন।

সূর্যসেন, জগন্নাথ, মোহসীন ও শহীদুল্লাহ হলের ১৪৬২ জন ছাত্র এক যুক্ত বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়াছে। জাতীয়তাবাদী ছাত্রদলের সমর্থনে এই যুক্ত বিবৃতিতে ঘটনায় ছাত্রলীগ (মু-না) সাংগঠনিক সম্পাদক শফি আহমেদসহ ২০ জনকে দায়ী করিয়া তাহাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবী জানানো হয়।

এদিকে সূর্যসেন, মোহসীন হলের ২৫০ জন ছাত্র ছাত্রলীগ (মু-না) সমর্থনে ঘটনায় জাতীয়তাবাদী ছাত্রদল সাংগঠনিক সম্পাদক সানাউল হক নীরুসহ ৭ জনকে দায়ী করিয়া তাহাদের শাস্তি দাবী করিয়াছে। গতকাল ক্যাম্পাসে গুলীবর্ষণের ঘটনায় বিবদমান উভয় সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে পরস্পরকে দোষারোপ করিয়াছে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট এক বিবৃতিতে ক্যাম্পাসে পুনরায় গুলী বর্ষণের ঘটনার নিন্দা করিয়া, দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করিয়াছে।